~~227~~ 75

দৈনিক সংবাদ

তারিখ 10 OCT 1995

পৃষ্ঠা 7 কলাম 6

# রাঃ বিঃ পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে রংপুরে বিক্ষোভ

রংপুর, ৯ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– কারমাইকেল কলেজের শিক্ষার্থীরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতির প্রতিবাদ জানিয়ে অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিলের দাবি জানিয়েছে।

গতকাল সাংবাদিক সম্মেলনে ছাত্র-ছাত্রীরা জানায়, নয়া নিয়মানুযায়ী ছাত্র-ছাত্রীদের সাবসিডিয়ারী পরীক্ষা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গিয়ে দিতে হবে। তারা বলেন, এ নিয়মের ফলে উত্তরাঞ্চলের ১৬টি জেলার অনার্স কলেজসহ খুলনা ও বরিশাল বিভাগের অনার্স কলেজগুলোর প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রীকে বিপাকে পড়তে হবে।